



## নারায়ণগঞ্জে যুবদল নেতা শাহেদের জন্মদিনে দিপু ভূইয়ার চমক



নারায়ণগঞ্জে যুবদল নেতা শাহেদের জন্মদিনে দিপু ভূইয়ার চমক। ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জে যুবদল নেতা শাহেদ আহমেদের জন্মদিনে স্থানীয় বিএনপি নেতাদের ব্যতিক্রমী চমক দেখা গেছে। ৮ মে দুপুরে নারায়ণগঞ্জ ক্লাব লিমিটেডের হলরুমে গোপনে কেক কেটে তার জন্মদিন উদযাপন করা হয়। আগে থেকে কোনো ঘোষণা না থাকায় পুরো আয়োজনটি ছিল সম্পূর্ণ চমকভিত্তিক।

জানা যায়, জুমার নামাজ শেষে নারায়ণগঞ্জ শহরের পুরাতন কোর্ট মসজিদে একত্র হন নারায়ণগঞ্জ-১ আসনের সাবেক এমপি মুস্তাফিজুর রহমান ভূইয়া দিপু, নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের প্রশাসক সাখাওয়াত হোসেন খান, জেলা যুবদলের সদস্য সচিব মশিউর রহমান রনি, সাবেক কাউন্সিলর শওকত হাশেম শকুসহ স্থানীয় বিএনপির একাধিক নেতা। সেখান থেকে সবাই একসঙ্গে নারায়ণগঞ্জ ক্লাব লিমিটেডে যান। পরে শাহেদ আহমেদ সেখানে উপস্থিত হলে আকস্মিকভাবে কেক এনে তার জন্মদিন উদযাপন করা হয়, যা তাকে চমকে দেয়।

কেক কাটার সময় আরও উপস্থিত ছিলেন ফতুল্লা থানা বিএনপির সাংগঠনিক সম্পাদক রিয়াদ মোহাম্মদ চৌধুরী, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য এস এম সায়েমসহ অনেকে। রাজনৈতিক জীবনে দীর্ঘদিন ধরে সক্রিয় শাহেদ আহমেদ ছাত্রজীবন থেকেই বিএনপির রাজনীতির সঙ্গে যুক্ত। আন্দোলন-সংগ্রামের সময়ে বিগত আওয়ামী লীগের ১৬ বছরে তাকে কঠিন সময় পার করতে হয়েছে। জানা যায়, তিনি ৬৩টির মতো মামলার আসামি। বিভিন্ন সময়ে গ্রেপ্তার হয়ে কারাবরণ এবং জামিনে মুক্ত হয়ে নিয়মিত আদালতে হাজিরাও দিতে হয়েছে তাকে।

তিনি নারায়ণগঞ্জ মহানগর ছাত্রদলের সভাপতির দায়িত্বও পালন করেন। এর আগে ছাত্রদলের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে ছিলেন তিনি। স্কুল-কলেজ জীবন থেকেই রাজনীতিতে সক্রিয় হয়ে ওঠেন এবং নারায়ণগঞ্জ কলেজে পড়াশোনার সময় থেকেই ছাত্রদলের সঙ্গে যুক্ত হন। পরবর্তীতে সংগঠনের বিভিন্ন পর্যায়ে দায়িত্ব পালন করে বর্তমানে মহানগর যুবদলের সদস্য সচিব হিসেবে দায়িত্বে আছেন।

এর আগে ২০২২ সালের ৮ জুন নারায়ণগঞ্জ শহরের খানপুর হাসপাতাল রোড এলাকায় তৎকালীন প্রভাবশালী সংসদ সদস্য শামীম ওসমানের ছেলে অয়ন ওসমানের উপস্থিতিতে শতাধিক অনুসারী নিয়ে তার বাড়ির সামনে গিয়ে গুলি করার ঘটনা ঘটে বলেও জানা যায়।